

DG-1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
প্রশাসন-১(২) অধিশাখা।

নং সম(প্রঃ-২)-৩৭/২০০৬- ৫৩৫

০৮ আশ্বিন ১৪১৫  
তারিখ : -----  
২৬/০৯/২০০৬

বিষয় : সরকারী মোবাইল/সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা, ২০০৪-এর সংশোধন।

দাপ্তরিক কাজের সুবিধার্থে মোবাইল ফোনের প্রাধিকার তালিকায় নিম্নবর্ণিত সংশোধন করা হলোঃ

- (১) সরকারী মোবাইল/সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা-২০০৪ এর প্রাধিকার ডায়ালকার ২(ঙ) অনুচ্ছেদে নিম্নরূপ শব্দ সংযোজিত এবং একই সঙ্গে ২(ছ) অনুচ্ছেদ নতুনভাবে সংযোজিত হবেঃ
- ২(ঙ) যুগ্ম-সচিব ও উপ-সচিব;  
২(ছ) উপজেলা নির্বাহী কর্মকর্তা;
- (২) উল্লিখিত নীতিমালায় ৩(চ) এবং ৩(ছ) অনুচ্ছেদ হিসেবে নিম্নবর্ণিত দুটি নতুন অনুচ্ছেদ সংযোজিত হবেঃ
- ৩(চ) সরকারী কর্মকর্তার সাথে সরকারী প্রয়োজনে সার্বজনিক যোগাযোগ রক্ষার সুবিধার্থে কর্মকর্তার ব্যবহারে থাকা মোবাইল ফোন সংযোগ নম্বরটি সংশ্লিষ্ট দপ্তর প্রধান/নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে এবং অবহিতকরণের তারিখ হতে তিনি মাসিক ভাতা প্রাপ্য হবেন।
- ৩(ছ) মাসিক মোবাইল ফোন বাবদ ভাতা প্রাপ্যতা ব্যতীত সরকারের উপর অন্য কোন দায় (যেমন : সেট ক্রয় ও সংযোগ খরচ) বর্তাবে না;
- (৩) উল্লিখিত নীতিমালার ৫(ঘ) ও ৫(ঙ) অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত এবং একই সঙ্গে ৫(চ) অনুচ্ছেদ নতুনভাবে সংযোজিত হবেঃ
- ৫(ঘ) অতিরিক্ত সচিব ও প্রাধিকারপ্রাপ্ত সমগর্যাদা সম্পন্ন কর্মকর্তা এবং যুগ্ম-সচিবের মোবাইল ফোনের মাসিক ভাতা ৬০০ (ছয়শত) টাকা হবে;
- ৫(ঙ) উপ-সচিব ও প্রাধিকারপ্রাপ্ত সমগর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মোবাইল ফোনের মাসিক ভাতা ৪০০ (চারশত) টাকা হবে;
- ৫(চ) উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের মোবাইল ফোনের মাসিক ভাতা ৪০০ (চারশত) টাকা হবে;।
- ০২। মোবাইল ফোন বাবদ মাসিক ভাতা জাতীয় বেতনস্কেল-২০০৫ অধ্যাদেশটি সংশোধনক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তার মাসিক বেতনের সাথে প্রদানের ব্যবস্থা অর্থ বিভাগ গ্রহণ করবে।
- ০৩। এই নীতিমালার সংশোধনী/সংশোধনী সমূহ জারীর তারিখ হতে কার্যকর হবে।

বিতরণঃ


সচিব

-----মন্ত্রণালয় (সকল)।


স্বাক্ষরিত ও প্রেরণের তারিখঃ

Mosta letter- 256

(৬ জুলাই ২০০৬, ঢাকা)



৩২/৯/০৬

  
২২/৯/০৬  
মোঃ মোসলেহুদ্দীন  
সচিব  
সংস্থাপন মন্ত্রণালয়।


পূর্ব পাতার পর

প্রধান উপদেষ্টার কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

নং-৬১.৩৯.১৬.০০.০০.০৯.২০০৭-৮৭৮

তারিখ : ০৬.১০.২০০৮

- অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলঃ
১. অতিরিক্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
  ২. মহাপরিচালক (সকল), প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
  ৩. পরিচালক(সকল), প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
  ৪. উপ-প্রেস সচিব-১/২, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
  ৫. মাননীয় প্রধান উপদেষ্টার সহকারী একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
  ৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

  
(আবদুল খালেক)  
পরিচালক(প্রশাসন)  
ফোন : ৮১৫১২৮৫।